

# কালের কর্ত্ত

আপডেট : ২৪ মার্চ, ২০১৮ ২৩:৩০

বাকুবিতে শুরু বৈজ্ঞানিক সম্মেলন

 বাকুবিতে শুরু বৈজ্ঞানিক সম্মেলন

‘বাংলাদেশের ভবিষ্যৎ ভেটেরিনারি শিক্ষা’ প্রতিপাদ্যকে সামনে রেখে শনিবার বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) শুরু হয়েছে দুই দিনব্যাপী বৈজ্ঞানিক সম্মেলন। বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে বাংলাদেশ সোসাইটি ফর ভেটেরিনারি এডুকেশন অ্যান্ড রিসার্চ (বিএসভিইআর) ২৪তম ওই বৈজ্ঞানিক সম্মেলনের আয়োজন করে। বাংলাদেশ, নেপাল, ভারত ও জাপানের সাড়ে চার শার্তাধিক ভেটেরিনারিয়ান এতে অংশ নিচ্ছে।

বিএসভিইআরের ভারপ্রাপ্তি সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুর রহমান খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। সম্মানিত অতিথি হিসেবে ইমেরিটাস অধ্যাপক ড. এম এ সাতার মণ্ডল, বিশেষ অতিথি হিসেবে ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয় মোহন দাস ও ওয়ার্ক পোলিট্রি সায়েন্স অ্যাসোসিয়েশন বাংলাদেশ শাখার সভাপতি শামসুল আরেফিন খালেদ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সঞ্চালনা করেন বিএসভিইআরের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এমদাদুল হক চৌধুরী। দুই দিনে সম্মেলনে ১১৫টি গবেষণাপত্র মৌখিক নিবন্ধ ও পোস্টার আকারে উপস্থাপন করা হবে।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর বলেন, ‘শিক্ষা ও গবেষণা বাস্তব জীবনের প্রয়োজনের ওপর ভিত্তি করে গ্রহণ করতে হবে। এ কারণেই এবারের প্রতিপাদ্য যথোপযুক্ত ও প্রায়োগিক হয়েছে। ভেটেরিনারিয়ানরা বিষয়টি সামনে রেখে অতীতের মতো ভবিষ্যতেও কাজ করে যাবেন।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, থিলক্ষ্মেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএস : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com